তারিখ 2·1·FEB·2016
পৃষ্ঠা ৫ কলাম ২

সংবাদ

# নান্দাইলে ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা ১৭শ' পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)

ময়মনসিংহের নান্দাইল উপজেলায় গত বৃহস্পতিবার ভুল সেটে চলমান এসএসসি পরীক্ষা নিয়েছে স্থানীয় প্রশাসন। এ তথ্য নিশ্চিত করেছেন নান্দাইল উপজেলা নির্বাহি কর্মকর্তা মোহাম্মদ শাহানুর আলম। এদিকে কর্তৃপক্ষের চরম গাফলতির কারণে ভুল সেটে পরীক্ষা গ্রহণ করায় প্রায় ১৭ শত পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। এ ঘটনায় উদ্বিগ্ন হয়ে পড়েছেন অভিভাবকরা। জানা গেছে, গত বৃহস্পতিবার ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে রসায়ন, পৌরনীতি ও ব্যবসা উদ্যোগ বিষয়ে শিক্ষা বোর্ডের নির্দেশে 'ক' সেটের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কিন্তু নান্দাইল চন্ডীপাশা সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রসহ ৩টি ভ্যানুতে 'খ' সেটে পরীক্ষা নেয়া হয়েছে। ওই ভ্যানুগুলো হল নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, খুররম খান চৌধুরী কলেজ ও বরিল্ল্যা কে এ বহুমুখী উচ্চ বিদ্যালয়। ওই কেন্দ্রগুলো থেকে রসায়ন বিষয়ে ৪৪৩, পৌরনীতি বিষয়ে ৭৯৩ ও ব্যবসা উদ্যোগ বিষয়ে ৪৬১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করে। অভিভাবকরা কেন্দ্র সচিবের গাফিলতির জন্যে শিক্ষা মন্ত্রীর কাছে বিচার দাবির পাশাপাশি পরীক্ষার্থীদের ভবিষ্যৎ বিবেচনা করে বিষয়টি সুষ্ঠু সমাধানের অনুরোধ জানিয়েছেন। কেন্দ্র সচিব ও নান্দাইল চন্ডীপাশা সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নাজির উদ্দিন আহম্মদ বলেন, শিক্ষা বোর্ডের নির্দেশ অনুযায়ী প্রশ্ন বিতরণের সময় আমাদের ভুল হওয়ায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।